



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd

রাজশাহীশিক্ষাবোর্ড.বাংলা

controller@rajshahieducationboard.gov.bd

স্মারক নম্বর- রাশিবো/উমা/১-১০(৩য় খন্ড)/পনি-৫৫৩

তারিখ : ২২ মার্চ ২০২০

বিষয় : এইচএসসি পরীক্ষা ২০২০ সূষ্ঠ ও সুন্দরভাবে অনুষ্ঠিত হওয়ার জন্য ভারপ্রাপ্ত কর্মকর্তাদের প্রতি জরুরি নির্দেশনা।

- (১) ভারপ্রাপ্ত কর্মকর্তাকে শিক্ষা বোর্ড থেকে প্রদত্ত মোবাইল সিম ব্যবহার করতে হবে।
- (২) পরীক্ষা শুরুর ০৭ (সাত) দিন পূর্বে কেন্দ্রের নিয়মিত/অনিয়মিত পরীক্ষার্থীদের (ভার্সন অনুযায়ী) তালিকা প্রণয়ন করতে হবে (ছক সংযুক্ত)।
- (৩) পরীক্ষা শুরুর ০৫ (পাঁচ) দিন পূর্বে ট্রেজারির ড্রাফ্টে রক্ষিত প্রশ্নপত্রের প্যাকেটের সাথে প্রশ্নপত্রের বিবরণী তালিকা সঠিকভাবে যাচাই করতে হবে। প্রশ্নপত্রের প্যাকেট যাচাইকালে সংশ্লিষ্ট ট্রেজারি অফিসার, কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা এবং পরীক্ষা পরিচালনা কমিটির সদস্যবৃন্দ অবশ্যই উপস্থিত থাকবেন। কেন্দ্রের পরীক্ষার্থীর সংখ্যা অনুযায়ী সকল প্রশ্নপত্র পাওয়া গিয়েছে এ মর্মে পরীক্ষা শুরুর ০৩ (তিন) দিন পূর্বে প্রত্যয়ন পত্র বোর্ডে প্রেরণ করতে হবে।
- (৪) মুদ্রিত প্রশ্নপত্রের সৃজনশীল (CQ) এবং বহুনির্বাচনি (MCQ) সেট, পরীক্ষার তারিখ অনুসারে সেট ভিত্তিক আলাদা করে Security খামে প্যাকেট করতে হবে।
- (৫) প্রশ্নপত্রের প্যাকেট যাচাই এর দিনে সংশ্লিষ্ট ব্যক্তিদের উপস্থিতিতে তারিখ ভিত্তিক প্রশ্নপত্রের প্যাকেট সাজিয়ে Security খামের গাম লাগিয়ে এবং কার্টুন টেপে যথাযথভাবে মুড়িয়ে নিতে হবে এবং Security খামের উপর পরীক্ষার তারিখ, বিষয় কোড ও সেট কোড অবশ্যই লিখতে হবে। এ বিষয়ে কোন ত্রুটি পরিলক্ষিত হলে তা ভারপ্রাপ্ত কর্মকর্তার দায়িত্বে অবহেলা বলে গণ্য হবে।
- (৬) কোন কেন্দ্রের যদি ভেন্যু থাকে তাহলে ভেন্যুর জন্য মুদ্রিত প্রশ্নপত্রের সৃজনশীল (CQ) এবং বহুনির্বাচনি (MCQ) সেট, পরীক্ষার তারিখ অনুসারে সেটভিত্তিক আলাদা করে Security খামে প্যাকেট করতে হবে এবং ভিন্ন ট্রাংকে সংরক্ষণ করতে হবে।
- (৭) কোন অবস্থাতেই উপজেলা সদর এর বাহিরে প্রশ্নপত্রের ড্রাফ্ট রাখা যাবে না।
- (৮) চলতি ২০২০ সালের এইচএসসি পরীক্ষা সঠিক প্রশ্নপত্র ব্যবহার অত্যন্ত জরুরি। সুষ্ঠুভাবে পরীক্ষা গ্রহণের স্বার্থে নতুন/পুরাতন সিলেবাসের প্রশ্নপত্র যথাযথ ও নির্ভুলভাবে পরীক্ষার্থীদের মধ্যে অধিকতর সতর্কতার সাথে বিতরণের জন্য অনুরোধ করা হলো।
- (৯) ট্রেজারি হতে পরীক্ষার দিনগুলোতে ট্রেজারি অফিসারের নিকট হতে ঐ দিনের জন্য সকল সেটের প্রশ্নপত্রের Security প্যাকেট সৃজনশীল (CQ) এবং বহুনির্বাচনি (MCQ) গ্রহণ করতে হবে।
- (১০) Tag Officer এবং Police ব্যতিত প্রশ্নপত্রের Security খাম নিয়ে ট্রেজারি/থানা থেকে কেন্দ্রে যাওয়া যাবে না।
- (১১) প্রশ্নপত্র ব্যবহারের এসএমএস মোতাবেক সেট ব্যবহার করতে হবে এবং এসএমএস পাওয়ার পর প্রশ্নপত্রের প্যাকেট খুলতে হবে। অব্যবহৃত সেটের প্রশ্নপত্রের খাম অক্ষত অবস্থায় বোর্ডে জমা দিতে হবে।
- (১২) পরীক্ষার তারিখ, সময়, বিষয়, সেট কোড নিশ্চিত হয়ে প্রশ্নপত্রের প্যাকেট খুলতে হবে।
- (১৩) পরীক্ষা কক্ষে প্রশ্নপত্র পাঠানোর সময় সিলেবাস সংক্রান্ত বিষয়টি নিশ্চিত হতে হবে। প্রতিটি কক্ষে সিলেবাস অনুযায়ী প্রশ্নপত্রের বিবরণী তৈরি করে দিতে হবে।
- (১৪) পরীক্ষার্থীকে অবশ্যই প্রবেশপত্র ও রেজিস্ট্রেশন কার্ডে উল্লিখিত বিষয়ে পরীক্ষা দিতে হবে, অনিয়মিত পরীক্ষার্থীকে তার প্রবেশপত্রে উল্লিখিত সকল বিষয় তার জন্য নির্ধারিত সিলেবাস অনুযায়ী পরীক্ষা দিতে হবে।
- (১৫) কোন পরীক্ষার্থী যাতে কোন উপায়ে অসুদৃশ্য অবলম্বন করতে না পারে এ জন্য যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করতে হবে। পরীক্ষা কেন্দ্রের প্রধান ফটকে পরীক্ষার্থীদের দেহ অবশ্যই তল্লাশি করে কেন্দ্রে প্রবেশের অনুমতি দিতে হবে।
- (১৬) ভারপ্রাপ্ত কর্মকর্তা ব্যতিত অন্য কেউ মোবাইল ফোন/ইলেক্ট্রনিক ডিভাইস নিয়ে কেন্দ্রে প্রবেশ করতে পারবেন না। শুধুমাত্র ভারপ্রাপ্ত কর্মকর্তা ছবি তোলা যায় না এমন মোবাইল ফোন ব্যবহার করতে পারবেন।
- (১৭) পরীক্ষা শুরুর ৩০ মিনিট পূর্বে পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষে অবশ্যই প্রবেশ করানোর ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ সময়ের পর কোন পরীক্ষার্থী আসলে ভারপ্রাপ্ত কর্মকর্তা বিশেষ বিবেচনায় রেজিস্ট্রার খাতায় রোল নং ও অন্যান্য তথ্য লিপিবদ্ধ করে কেন্দ্রে প্রবেশের অনুমতি দিতে পারবেন। পরীক্ষা শেষে বোর্ডে রেজিস্ট্রার খাতাটি জমা দিতে হবে।
- (১৮) ১৪৪ ধারা জারিকৃত চিহ্নিত স্থানগুলোতে লাল পঁতাকা টানাতে হবে। পরীক্ষা শুরুর পূর্বে পরীক্ষা কেন্দ্রের বাইরে পরীক্ষার্থী, অভিভাবক বা অন্য কেউ যাতে জটলা সৃষ্টি করতে না পারে সে ব্যাপারে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে, প্রয়োজনে হ্যান্ড মাইক ব্যবহার করতে হবে, সম্ভব হলে সিসি ক্যামেরা স্থাপন করতে হবে।

প্রফেসর ড. মোহা. মোকব্বুল হোসেন

চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

০৭২১-৭৭৬২৭০

ভারপ্রাপ্ত কর্মকর্তা/অধ্যক্ষ

রাজশাহী শিক্ষা বোর্ডের আওতাধীন ২০২০ সালের এইচএসসি পরীক্ষার সকল কেন্দ্র

জ্ঞাতার্থে :

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. জেলা প্রশাসক, রাজশাহী শিক্ষা বোর্ডের আওতাধীন সকল জেলা
৩. উপজেলা নির্বাহী অফিসার, রাজশাহী শিক্ষা বোর্ডের আওতাধীন জেলার সকল উপজেলা
৪. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী
৫. অফিস কপি

I:\All_Section\HSC_Section\ 021